আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে অস্ত্রসহ ছাত্রদল নেতা আটক

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে অস্ত্রসহ লিখন নামের এক ছাত্রদল নেতা গ্রেফতার হয়েছে।

আলমডাঙ্গা পৌরসভার বাবুপাড়া এলাকায় বাংলাদেশ সেনাবাহিনীর অস্থায়ী ক্যাম্প হারদী ও আলমডাঙ্গা থানা পুলিশের যৌথ অভিযানে দেশীয় অস্ত্রসহ লিখন নামের একজন ছাত্রদল নেতাকে আটক করা হয়েছে।

সেনাবাহিনীর ক্যাপ্টেন তোফাজ্জেল হকের নেতৃত্বে গভীর রাতে পরিচালিত এ অভিযানে গোপন সংবাদের ভিত্তিতে বাবুপাড়ার একটি টংঘর ঘিরে ফেলে অভিযানে অংশ নেয় সেনা ও পুলিশ সদস্যরা। অভিযান চলাকালে টংঘরের ভেতর থেকে একটি ওয়ান শুটার গান, একটি চাইনিজ কুড়াল, এবং একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। একই সময় সেখানেই অবস্থানরত মৃত তারাচাঁদের ছেলে মোঃ লিখন হাসান হিরক(২৬) কে আটক করা হয়।

উদ্ধারকৃত অস্ত্র ও আলামত পুলিশ জব্দ করে এবং আটক ব্যক্তির বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে।

এ ব্যাপারে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল জানান, সেনাবাহিনীর নির্দেশনায় আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে যৌথ বাহিনীর অভিযানে দেশীয় অস্ত্রসহ আটক-১

আইনশৃঙ্খলা রক্ষার নিয়মিত অভিযান হিসেবে গোপন তথ্যের ভিত্তিতে আজ বুধবার বিকেলে সদর উপজেলার শেখ পাড়ায় অভিযান চালিয়ে কুখ্যাত শাকিল গ্যাং এর সক্রিয় সদস্য আলবাপ আলিফ খানকে আটক করে

সেনাবাহিনীর একটি টহল দল।

সে পৌরসভার শেখ পাড়ার আলিফ আরাফাত খান এর ছেলে।

আটকের সময় তার কাছ থেকে ০১ টি চাইনিজ কুড়াল, ০১ ইলেকট্রিক টেজার, ০১ টি ফ্লোল্ডিং স্টিক এবং মোবাইল ফোন জব্দ করা হয়। আটককৃত আসামীকে উদ্ধারকৃত আলামতসহ সদর থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানাই মেহেরপুর সেনা ক্যাম্প।

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে মাদকদ্রব্যসহ দম্পতি গ্রেফতার

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর মাদকবিরোধী অভিযানে ৫০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, নগদ টাকা ও মোবাইল ফোন উদ্ধার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এ ঘটনায় এক দম্পতিকে গ্রেফতার করা হয়েছে।

বাংলাদেশ সেনাবাহিনীর হারদী অস্থায়ী ক্যাম্পের নেতৃত্বে গত বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে এ অভিযান পরিচালিত হয়। সেনাবাহিনীর সদস্যদের সঙ্গে আলমডাঙ্গা থানা পুলিশের এসআই (নিঃ) মো. নুর ইসলাম শিকদার ও সঙ্গীয় ফোর্স অংশ নেন।

গ্রেফতার হওয়া ব্যক্তিরা হলেন— আলমডাঙ্গা পৌর এলাকার স্টেশনপাড়ার মৃত মহর আলী বিশ্বাসের ছেলে সাজ্জাদুল আলম ছপু (৪৫) ও তার স্ত্রী রুনা খাতুন (৪০)। অভিযান চলাকালে তাদের বসতবাড়ির সামনে থেকে ৫০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, মাদক বিক্রয়ের নগদ দুই হাজার ৬৮৩ টাকা এবং দুটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত আলামত ঘটনাস্থলেই জব্দ তালিকা মূলে জব্দ করা হয়।

পরে গতকাল শুক্রবার আলমডাঙ্গা থানায় তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬ (১) সারণির ২৯ (ক) ধারায় মামলা (নম্বর-১২/২০২৫) রুজু করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, মাদকবিরোধী এ ধরনের যৌথ অভিযান অব্যাহত থাকবে।

কোটচাঁদপুরে যৌথ বাহিনীর অভিযানে গুলিসহ রিভলবার উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে সেনাবাহিনী ও থানা পুলিশের যৌথ অভিযানে একটি বিদেশি রিভলবার ও তিন রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১১টার দিকে উপজেলার কুশনা ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের একটি আমবাগান থেকে অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়।

সেনাবাহিনীর ক্যাপ্টেন রাতুল ত্রিপুরার নেতৃত্বে এবং কোটচাঁদপুর মডেল থানার এসআই ওমর ফারুকের উপস্থিতিতে অভিযান চালানো হয়। স্থানীয়দের দেওয়া তথ্যের ভিত্তিতে আমবাগানে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় একটি রিভলবার এবং তিন রাউন্ড গুলি উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া রিভলবারে ‘মেড ইন ইন্ডিয়া’ লেখা রয়েছে।

অভিযান পরিচালনাকারী কর্মকর্তারা জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে কোনো চক্র অপরাধমূলক কাজে ব্যবহারের জন্য অস্ত্রটি বাগানে লুকিয়ে রেখেছিল। তবে কারা এ অস্ত্র-গুলি রেখেছে তা এখনো জানা যায়নি।

এ বিষয়ে কোটচাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, উদ্ধার হওয়া অস্ত্র ও গুলি থানায় আনা হয়েছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

স্থানীয় কয়েকজন বাসিন্দা জানান, রঘুনাথপুর গ্রামে অতীতে ছোটখাটো সংঘর্ষের ঘটনা ঘটেছে। তবে এ ধরনের ভারী অস্ত্র উদ্ধারের ঘটনায় তারা উদ্বেগ প্রকাশ করেছেন।

এ ঘটনায় এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। সেনাবাহিনী ও পুলিশ যৌথভাবে তদন্ত চালাচ্ছে বলে জানা গেছে।

দর্শনায় যৌথ বাহিনীর অভিযানে ফেনসিডিল ও মদসহ আটক ২

দামুড়হুদা উপজেলার দর্শনা থানার বিভিন্ন জায়গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর যৌথ অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসিডিল ও ৮৩ বোতল মদসহ দর্শনা হঠাৎ পাড়ার আব্দুল মালেকের ছেলে জুবায়ের (৩০)ও দর্শনা আনোয়ারপুর গ্রামের খোরশেদ আলমের ছেলে শিপন ইসলাম (২১)কে আটক করেছে।

আজ সোমবার সকাল সাড়ে ৯ টার দিকে চুয়াডাঙ্গার পরিদর্শক নাজমুল হোসেন খানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় ১২ জন স্টাফ, ৫৫ পদাতিক ডিভিশনের লেফটেন্যান্ট আবিদ আহমেদের নেতৃত্বে সেনাবাহিনী ১৬ জন সদস্য সহ দর্শনা থানাধীন দর্শনা হঠাৎ পাড়া এলাকায় যৌথ অভিযান করে চিহ্নিত মাদক ব্যবসায়ী জুবায়ের ও শিপন ইসলামকে ভারতীয় ৩৬ বোতল ফেনসিডিল ও ৮৩ বোতল ভারতীয় ব্লাক হান্টসহ তাদের বাড়ি থেকে আটক করা হয়।

আসামীদের বিরুদ্ধে পরিদর্শক নাজমুল হোসেন খান বাদী হয়ে দর্শনা থানায় একটি মাদক আইনে নিয়মিত মামলা দায়ের করেছে। গতকালই তাদেরকে দুজনকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

সড়কে শৃঙ্খলা ফেরাতে মুজিবনগরে যৌথ বাহিনীর জনসচেতনতামূলক অভিযান

নিজের জীবন রক্ষার্থে হেলমেট বাধ্যতামূলক ও অবশ্যই ড্রাইভিং লাইসেন্স করাসহ সড়কের শৃঙ্খলা ফেরাতে মুজিবনগরে যৌথবাহিনী

অভিযান পরিচালিত হয়েছে।

আজ বুধবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের নেতৃত্বে সেনাবাহিনী,পুলিশ ও ট্রাফিক পুলিশের যৌথ অভিযান পরিচালিত হয়। মোটরসাইকেল চালক যাদের মাথায় হেলমেট নেই, ড্রাইভিং লাইসেন্স নেই এবং রেজিস্ট্রেশন বিহীন সকল প্রকার গাড়ি চালক কে জরিমানা সহ জনগণকে সচেতন করা হয় এবং মোবাইল কোর্টের মাধ্যমে গাড়ির কাগজ, ডাইভিং লাইসেন্স না থাকা ও হেলমেট বিহীন গাড়ি চালকদের জরিমানা করা হয়।

এ সময় সেনাবাহীনীর ওয়ারেন্ট অফিসার জামাল, ট্রাফিক ইন্সপেক্টর বিশ্বজিৎ ঘোষ উপস্থিত ছিলেন।

জনসচেতনতামূলক অভিযানে উপজেলা নির্বাহী অফিসার বলেন, মটরসাইকেল চালোনোর সময় অবশ্যই হেলমেট ব্যবহার করতে হবে। গাড়ির রেজিট্রেসনের পাশাপাশি বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এমন কথা বলে প্রথম পর্যায়ে আমরা যৌথবাহীনীর সমন্বয়ে জনসচেতনতা মূলক অভিযান চালাচ্ছি জনগণকে সতর্ক করতে সীমিত আকারে জরিমানা করছি। পরবর্তীতে সড়কের শৃঙ্খলা ফেরাতে আমরা আরো কঠিন অবস্থানে যাবো।